ত্রিপুরা সরকার তথ্য ও সংস্কৃতি অধিকার

<u>স-১৬৮৬</u>

আগরতলা,৩১ অক্টোবর,২০২৪

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

আজ ৩১-১০-২০২৪ তারিখে স্যন্দন পত্রিকায় 'স্বাগত পোর্টালের গঙ্গাপ্রাপ্তি টি আই ডি সি-র রক্তাল্পতা দশা' শিরোনামে প্রকাশিত সংবাদটি ত্রিপুরা সরকারের শিল্প ও বাণিজ্য দপ্তরের দৃষ্টি আকৃষ্ট করেছে। প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে দপ্তর থেকে জানানো হয়েছে, স্টেট সিঙ্গল উইন্ডো পোর্টাল- "স্বাগত" ২০২০ সালের আগস্ট মাসে চালু করা হয়েছিল যেখানে ১৯টি দপ্তর/ সংস্থা অনবোর্ড এবং ইন্টিগ্রেট করা হয়েছে এবং একটি নিরবচ্ছিন্ন পদ্ধতিতে এন্ড-টু-এন্ড অনলাইন মোডে অসংখ্য পরিষেবা সরবরাহ করা হচ্ছে।

এখন পর্যন্ত প্রায় 14600+ ব্যবহারকারী পোর্টালে নিবন্ধিত হয়েছেন যার মধ্যে 26000+ আবেদন জমা পড়েছে এবং 24500+ আবেদন অনুমোদিত হয়েছে।

স্টেট ডেটা সেন্টারে (এসডিসি) যেখানে "স্বাগত" হোস্ট করা হয়েছে সেখানে প্রযুক্তিগত সীমাবদ্ধতার কারণে, পোর্টালে যে ক্রমাগত ক্রমবর্ধমান ব্যবহারকারী এবং আবেদনের সংখ্যা, তা নির্দিষ্ট সময়ে পোর্টালটি প্রসেস করতে পারছিলো না, যার কারণে সেখানে আবেদনকারী এবং অনবোর্ডড দপ্তরগুলিতে অসুবিধার সৃষ্টি হয়।

এই ব্যাপারটি বিবেচনা করে এবং রাজ্য আইটি বিভাগের পরামর্শ অনুসারে, "স্বাগত" অ্যাপ্লিকেশনটি স্টেট ডেটা সেন্টার (SDC) থেকে NIXI-CSC দ্বারা পরিচালিত কনটেইনার ডেটা সেন্টারে (CDC) স্থানান্তরিত করা হচ্ছে যার জন্য একটি ন্যুনতম সময় প্রয়োজন।

এছাড়াও, টেলিকম রেগুলেটরি অথরিটি অফ ইন্ডিয়া ট্রোই) দ্বারা প্রবর্তিত কিছু নিয়মের পরিবর্তন এবং নতুন নিয়মের কারণে ট্রাই এর সম্মতি প্রক্রিয়াধীন রয়েছে যার জন্য নির্দিষ্ট সময়ে পোর্টাল বিলম্ব, ওটিপি সমস্যা, ইমেল সমস্যা ইত্যাদি দেখা যাচ্ছে।

এছাড়াও, "স্বাগত" পোর্টালের সমস্যাগুলি নিয়মিত পর্যালোচনা করা হচ্ছে এবং প্রযুক্তিগত দল দ্বারা প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে। টিআইডিসি লিমিটেডের চেয়ারম্যানের সভাপতিত্বে সকল স্টেকহোল্ডারদের সাথে পোর্টালের কার্যকারিতা বিষয়ক পর্যালোচনা সভাও অনুষ্ঠিত হয় এবং সিদ্ধান্ত নেওয়া হয় যে আগামী ১০ দিনের মধ্যে সমস্ত মুখ্য সমস্যা সমাধান করা হবে। ততক্ষণ পর্যন্ত টিআইডিসি অফিসে অবস্থিত একটি ডেডিকেটেড "স্বাগত" সেল ফোন কল, ইমেল ইত্যাদির মাধ্যমে আবেদনকারীদের দ্বারা উত্থাপিত সমস্ত সমস্যার সমাধান করছে এবং অফিসে পরিদর্শনের সময় আবেদনকারীদের সহায়তাও করছে।
